

## 💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযা বিষয়ে প্রশ্লাবলী রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইব্ন আব্দুলাহ ইব্ন বায রাহিমাহ্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ১৫ - ইমামের সামনে জানাযার জন্য লাশ রাখার নিয়ম কি?

উত্তর - মৃত পুরুষের লাশ এভাবে রাখবে যে, লাশের মাথা যেন ইমাম বরাবর হয়, আর মৃত মহিলার লাশ এভাবে রাখবে যে, লাশের কোমর যেন ইমাম বরাবর হয়। এ পদ্ধতিই সহিহ হাদিস দ্বারা প্রমাণিত। আর যদি লাশ নারী-পুরুষ উভয়ের হয়, যেমন নারী, পুরুষ ও বাচ্চা, তাহলে ইমামের সামনে প্রথমে পুরুষের লাশ, অতঃপর বালকের লাশ, অতঃপর মহিলার লাশ, অতঃপর বালিকার লাশ রাখবে। লাশ রাখার ক্ষেত্রে পুরুষের মাথা বরাবর মহিলাদের কোমর হবে, যেন সকল লাশের অবস্থান ইমামের সামনে শরিয়ত সম্মত পদ্ধতিতে হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14948

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন